**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 28-12-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশবাসী এখন স্বদেশী ভাবনায় অনুপ্রাণিত হয়ে, দেশে নির্মিত পণ্য কিনতে উৎসাহিত হচ্ছেন।

২) আকাশবাণীতে প্রধানমন্ত্রীর মন-কি-বাতের ১২৯-তম পর্বে তিনি বলেছেন, গোটা বিশ্ব বিপুল প্রত্যাশা নিয়ে ভারতের দিকে তাকিয়ে আছে। এই প্রত্যাশার মূলে রয়েছে দেশের যুবশক্তি।

৩) প্রধানমন্ত্রী দেশবাসীকে চিকিৎসকের পরামর্শ ছাড়া অ্যান্টিবায়টিক ব্যবহার করতে নিষেধ করেছেন।

৪) ভোটার তালিকার, এস আই আর প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে মঙ্গলবার নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল রাজ্যে আসছে।

৫) এস আই আর-এর কাজে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি দিতে নির্বাচন কমিশন ২৫-শে জানুয়ারী জাতীয় ভোটার দিবসে বিএলও-দের শংসাপত্র দেবেন।

৬) বিহারের শিমুলতলায় একটি মালগাড়ির বগি লাইনচ্যুত হওয়ায় হাওড়া ও শিয়ালদা থেকে বেশকিছু ট্রেন বাতিল ও কিছু ট্রেনের যাত্রাপথ ঘুরিয়ে দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, স্বদেশী ভাবনা প্রত্যেক দেশবাসীর হৃদয়ে প্রোথিত। আকাশবাণীতে আজ মন কি বাতের ১২৯ তম পর্বে তিনি বলেন, মানুষ এখন

সেইসব পণ্যই কিনছেন, যেখানে একজন ভারতীয়ের পরিশ্রম রয়েছে এবং যে পণ্যে দেশের মাটির গন্ধ রয়েছে।

(বাইট – স্বদেশী)

জাতীয় স্তোত্র বন্দে মাতরমের দেড়শো বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী দেশবাসীকে তাদের বার্তা ও পরামর্শ পাঠানোর আহ্বান জানিয়েছিলেন। দেশবাসী যেভাবে উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে এতে অংশ নেন, তাতে সন্তোষ ব্যক্ত করেন শ্রী মোদী।

(বাইট - বন্দেমাতরম)

শ্রী মোদী বলেন, গোটা বিশ্ব বিপুল প্রত্যাশা নিয়ে ভারতের দিকে তাকিয়ে রয়েছে। এই প্রত্যাশার মূলে রয়েছে দেশের যুব শক্তি। এই প্রসঙ্গে তিনি বিকশিত ভরত ইয়ং লিডার্স ডায়ালগের কথা উল্লেখ করেন। আগামী জানুয়ারি মাসের ১২ তারিখ স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষে জাতীয় যুব দিবস উদযাপিত হবে। ঐদিনই ইয়ং লিডার্স ডায়ালগের দ্বিতীয় পর্বের আয়োজন করা হচ্ছে।

(বাইট - যুব দিবস)

ভারতীয় সংস্কৃতির ঐতিহ্যকে পাথেয় করে নতুন ভাবনা ও উদ্ভাবনে যুব সমাজ যেভাবে কাজ করছে, তা প্রশসংসীয় বলে মন্তব্য করেন শ্রী মোদী। এ প্রসঙ্গে তিনি ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্সের ক্যাম্পাসে তৈরি সাংস্কৃতিক কেন্দ্র গীতাঞ্জলী আইআইএসসির কথা তুলে ধরেন, যেখানে শাস্ত্রীয় থেকে লোকসঙ্গীত একসঙ্গে বসে অনুশীলন করেন ছাত্ররা।

২০২৬ সালে নতুন আশা ও সংকল্প নিয়ে দেশবাসী এগোতে প্রস্তুত বলে তিনি উল্লেখ করেন। প্রধানমন্ত্রী বলেন, দেশের তরুণরা বর্তমানে নিজেদের প্রতিভা প্রদর্শনে দারুণ সুযোগ পাচ্ছেন। চলতি মাসেই শেষ হয়েছে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন। এখানে ডিজিটাল অ্যারেস্ট, আর্থিক প্রতারণা, সাইবার সিকিউরিটি, কৃষি ক্ষেত্রে উদ্ভূত বিভিন্ন চ্যালেঞ্জের সমাধানে ছাত্ররা তাদের চিন্তাভাবনা ভাগ করে নিয়েছেন।

প্রধানমন্ত্রী জানান, ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ আইসিএমআর-এর সাম্প্রতিক কয়েকটি রিপোর্টে দেখা গেছে, নিউমোনিয়া এবং ইউটিআই এর মত সমস্যার ক্ষেত্রে অনেক সময় অ্যান্টিবায়োটিক কার্যকর হচ্ছে না। এর প্রধান কারণ হল, মানুষ বিবেচনাহীনভাবে  অ্যান্টিবায়োটিক খাচ্ছেন যা অত্যন্ত উদ্বেগের বিষয়।

(বাইট – অ্যান্টিবায়োটিক)

প্রধানমন্ত্রী বলেন, আগামী বছর ২৬ শে জানুয়ারি ৭৭ তম সাধারণতন্ত্র দিবস উদযাপিত হবে। স্বাধীনতা আন্দোলনে দেশের বিভিন্ন প্রান্তের মানুষ অংশগ্রহণ করলেও অনেক বীর-বীরাঙ্গনা রয়েছেন, যাদের নাম লোকচক্ষুর অন্তরালেই থেকে গেছে। এপ্রসঙ্গে তিনি ভারত ছাড়ো আন্দোলনে অংশগ্রহণকারী ওড়িশার পার্বতী গিরির কথা তুলে ধরেন।

আজকের মন কি বাতে প্রধানমন্ত্রী বিকশিত ভারতের সংকল্পের বাস্তবায়ন নিয়ে দৃঢ় সংকল্প ব্যক্ত করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নিউটাউনের রাজারহাট গোপালপুর তিন নম্বর মন্ডলে উদয়নপল্লী এলাকায় বিজেপি নেতা কর্মী ও স্থানীয়দের সঙ্গে মন কি বাত শোনেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে ১৬৩ নম্বর বুথে স্থনীয় বাসিন্দারা একত্রে বসে প্রধানমন্ত্রীর মন কি বাত শোনেন। উপস্থিত ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

আলিপুরদুয়ারে আজ প্রধানমন্ত্রীর মন কি বাত শোনেন সাংসদ মনোজ টিগ্গা. পরে সাংবাদিকদের কাছে তিনি বলেন, বিকশিত ভারত জি রাম জী আইন দেশের উন্নয়নে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই আইনের ফলে জবকার্ডধারীরা আরও বেশি দিন কাজ পাবে।

(বাইট – মনোজ টিগ্গা)

নদীয়ার কৃষ্ণনগরে বিজেপি কিষাণ মোর্চার উদ্যোগে প্রধানমন্ত্রীর মন কি বাত শোনানো হয়। প্রায় ৫০০ জন কৃষক সেখানে উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের স্পটলাইট-এ শুনবেন প্রধানমন্ত্রীর মন কি বাত নিয়ে বিশেষ অনুষ্ঠান। আমরা কথা বলেছি বিভিন্ন মানুষের সঙ্গে তাদের মতামত জানতে। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটা ৩০ মিনিটে সঞ্চয়িতা প্রচার তরঙ্গে। আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এটি পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা SIR প্রক্রিয়ার শুনানি পর্বের অগ্রগতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আগামী মঙ্গলবার এরাজ্যে আসছেন। দলে রয়েছেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, প্রিন্সিপাল সেক্রেটারি S B জোশী, আন্ডার সেক্রেটারি অভিনব আগরওয়াল। প্রতিনিধি দলটি শুনানি পর্ব নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল-এর সঙ্গে বৈঠক করবেন। পরদিন ৩১শে ডিসেম্বর প্রতিনিধি দলটি দিল্লি ফিরে যাবেন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ নির্বাচন কমিশন বুথ লেভেল অফিসার বা বিএলও-দের শংসাপত্র দেবে। মুখ্য নির্বাচনী অধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, প্রত্যেক বিএলও-কেই এস আই আর-এর কাজের স্বীকৃতি স্বরূপ একটি শংসাপত্র দেওয়া হবে। এই বিষয়ে ইতমধ্যেই ইআরওদের নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ২৫-শে জানুয়ারী জাতীয় ভোটার দিবসের অনুষ্ঠানে ওই শংসাপত্র প্রদান করা হবে।

oooooooooooooooooooooo

উত্তর ২৪পরগণার গোপালনগর ১নম্বর পঞ্চায়েতের নাতিডাঙ্গা এলাকার ১০৫ নম্বর বুথের ভোটার হিসাবে এস আই আর এর ফর্ম পূরণ করে জমা দেওয়ার পরও একই গ্রামের ২৮৬ জনের কাছে শুনানির নোটিশ এসেছে। ঘটনাকে কেন্দ্র করে ক্ষুব্ধ গ্রামবাসীরা এই দুর্ভোগের জন্য সংশ্লিষ্ট বি এল ও কেই দায়ী করেছেন। ঐ বি এল ও আজ গ্রামে আসতেই তাকে বসিয়ে রেখে বিক্ষোভ দেখান তারা। তাদের অভিযোগ, বি এল ও সময়মত তথ্য আপলোড না করায় তাদের এই দুর্ভোগ।
সমস্যার কথা স্বীকার করে নিয়ে বি এল ও পরিতোষ মল্লিক জানিয়েছেন, অনলাইনে কিছু অসুবিধা হওয়ায় শেষ দিনে অনেকগুলি ফর্ম আপলোড করা সম্ভব হয়নি। যারা নোটিশ পাচ্ছেন, তাদের তিনি সম্পূর্ণ সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

oooooooooooooooooooooo

বিহারের শিমুলতলা স্টেশনের কাছে তেলিয়াবাজার এলাকায় সিমেন্ট বোঝাই মালগাড়ির বেশ কয়েকটি বগি লাইনচ্যুত হওয়ায় বেশ কিছু দূর পাল্লার ট্রেন বাতিল হয়েছে। কিছু লোকাল ট্রেন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হয়েছে। গতরাতে বিকট শব্দে লাইনচ্যুত হয়ে জোশিডি থেকে ঝাঝাগামী মালাগড়িটির কয়েকটি কামরা সেতুর ওপর থেকে নদীতে পড়ে যায়। বাকি বগিগুলি পাশের লাইনে উল্টে পড়েছিল। যদিও এই দুর্ঘটনার জেরে কেউ হতাহত হননি।

হাওড়া-দেরাদুন এক্সপ্রেস, শিয়ালদা বালিয়া এবং মোকামা- হাওড়া এক্সপ্রেস, জোশিডি মোকামা মেমু, কিউল-জোশিডি মেমু, দেওঘর-ঝাঝা মেমু সহ একাধিক ট্রেন বাতিল হয়েছে। টাটানগর-বক্সার, হাওড়া-নতুনদিল্লী রাজধানী, হাওড়া পাটনা বন্দেভরত এক্সপ্রেস, কলকাতা গোরখপুর পূর্বাঞ্চল, জোশিডি পুনে সাপ্তাহিক এক্সপ্রেস ইত্যাদি ট্রেনের যাত্রাপথ বদল করা হয়েছে।

হাওড়া নতুন দিল্লি আপ রাজধানী এক্সপ্রেসের সময়সূচী আজ বদলেছে। হাওড়া থেকে আজ ট্রেনটি ছাড়বে রাত ৯-টা ৩০-এ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের খড়গপুরের বোগদা এলাকায় মদ্যপ যুবকদের সঙ্গে বচসা ও হামলার জেরে তুলসী রাও, ওরফে উদয় নামে এক সিভিক ভলান্টিয়ারের মৃত্যু হয়েছে। গত ১৬-ই ডিসেম্বরের এই ঘটনায় গুরুতর আহত আবস্থায় তাকে কটকের একটি হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছিল। গতকাল সেখানেই তার মৃত্যু হয়। আজ বিকেলে রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি, উদয়ের বাড়িতে যান। অভিযুক্ত দোষীদের শাস্তির দাবিতে তিনি নিমপুরা থেকে খড়গপুর টাউন থানা পর্যন্ত প্রতিবাদ মিছিলে নেতৃত্ব দেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫ সাল প্রায় শেষ পর্যায়ে। নতুন ভারত তৈরির ক্ষেত্রে সরকার এবছর যোগাযোগ ব্যবস্থায় বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছে। দেশের প্রত্যন্ত এলাকা জুড়েছে রেল যোগাযোগ মাধ্যমে। একটি প্রতিবেদন-

(ক্যাপসুল- কাশফিন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশিষ্ট সাংবাদিক-প্রাবন্ধিক জ্যোতির্ময় দত্তের জীবনাবসান হয়েছে। বয়স হয়েছিল ৮৯ বছর। The Statesman দৈনিকে কর্মজীবন শুরু করে আজকাল সহ বিভিন্ন পত্রিকায় সাংবাদিকতা করেছেন। 'কলকাতা' নামে এক পত্রিকা সম্পাদনাও করেছেন। জরুরী অবস্থায় কারারুদ্ধ হয়েছিলেন। পড়িয়েছেন আমেরিকার শিকাগো ও আইওয়া বিশ্ববিদ্যালয়ে। কবি হিসাবেও নিজের স্বকিয়তা দেখিয়েছেন। একসময় মনিমেখলা নামে পালতোলা নৌকায় কলকাতা থেকে শ্রীলঙ্কা পর্যন্ত দু:সাহসিক অভিযান চালিয়ে আলোড়ন তোলেন। আজ সকালে কোলকাতায় তাঁর জীবনাবসান হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০